

## মহিউদ্দিন চৌধুরীর মৃত্যুতে শিক্ষামন্ত্রীর শোক

ঢাকা, ১৫ ডিসেম্বর ২০১৭

আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য, চট্টগ্রামের বিশিষ্ট জননেতা এবং চট্টগ্রাম সিটি করপোরেশনের সাবেক নির্বাচিত মেয়র এ বি এম মহিউদ্দিন চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দৃঃখ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

আজ এক শোকবার্তায় শিক্ষামন্ত্রী বলেন, মহিউদ্দিন চৌধুরী চট্টগ্রাম অঞ্চলের একজন বিশিষ্ট জননেতা ছিলেন। তাঁর মৃত্যুতে দেশ একজন নিবেদিতপ্রাণ রাজনৈতিক কর্মীকে হারালো। চট্টগ্রামবাসী দীর্ঘদিন তাঁকে স্মরণ করবে।

শিক্ষামন্ত্রী মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।